দেলদুয়ার উপজেলা পরিষদের জুলাই/২০২১ খ্রি: তারিখে উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব দে: তাহমিনা হক,
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।

সভার তারিখ ও সময় ঃ ২৬ জুলাই ২০২১, বেলা ১:০০ টা।

স্থান ঃ সভাপতির অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)।

ক্রঃ নং	নাম	পদবী ও ঠিকানা
০১	দে: তাহমিনা হক	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০২	মো: বেলায়েত হোসেন	চেয়ারম্যান, এলাসিন ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০৩	হানিফুজ্জামান লিটন	চেয়ারম্যান, পাথরাইল ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০৪	ইঞ্জিঃ মো: সিরাজুল ইসলাম মল্লিক	চেয়ারম্যান, আটিয়া ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০৫	মো: শামীম হোসেন	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দেলদুয়ার, টাঙ্গাইল।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উক্ত সভা পরিচালনার জন্য সভাপতি মহোদয় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দেলদুয়ার,টাঙ্গাইলকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা পল্লী উন্নয়ন অফিসার আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয় সভায় উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন ও দৃঢ়ীকরণ।	সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং আলোচনা করা হয়।	আলোচনান্তে পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
	বিভাগীয় কার্যক্রম পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ			
২	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর মূল কর্মসূচী, পদাবিক,সদাবিক,পল্লী প্রগতি প্রকল্প ও অস্বচ্ছল মুক্তিযোদ্ধা প্রকল্পের সমবায় কার্যক্রম ও ঋণ কার্যক্রম স্বাভাবিকভাবে এগিয়ে চলছে। পিআরডিপি-৩প্রকল্পের ভিডিসি,ইউসিসিএম,প্রশিক্ষণ ও স্কীম লক্ষ্যমাত্রা তহবিল বরাদ্দ অনুযায়ী কার্যক্রম অব্যাহত আছে। বিগত কয়েক বৎসরে ১০.২৫ লক্ষ টাকার মধ্যে ১.০০ লক্ষ টাকা জোড়াবাড়ীর ভাড়া পাওয়া যায়। বিগত জেলা দপ্তরের মাসিক সভায় বকেয়া জোড়াবাড়ীর ভাড়া আদায়ে জোর তাগিদ প্রদান করা হয়েছে। অবশিষ্ট জোড়াবাড়ীর ভাড়া প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত ভাবে অনুরোধ করা হলো।	দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখাসহ পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা।
৩	চেয়ারম্যান এলাসিন ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, এলাসিন ইউপি সভায় জানান যে, এলাসিন ইউনিয়নটি ধলেশ্বরী ও এলেংজানী নদী বিধৌত এলাকা। অধিকাংশ রাস্তাই নিচু এবং কাচা, বর্ষা মৌসুমে একটু বৃষ্টি হলে রাস্তা ঘাট চলাচলের খুবই সমস্যা হয় এবং উক্ত দুটি নদী প্লাবিত হয়ে রাস্তা ঘাট ভেঙ্গে যায়। তাই তিনি ভাঙ্গা রাস্তা মেরামত করার জন্য অনুরোধ করেন।	পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান এলাসিন ইউপি।

CamScanner

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪	চেয়ারম্যান পাথরাইল ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, পাথরাইল ইউপি সভায় জানান যে,আকন্দপাড়া-পাইকপাড়া রাস্তা অতি বৃষ্টির কারণে ভেঙ্গে যানবাহন ও জনসাধারণ চলাচলের অসুবিধা হচ্ছে। তাই উক্ত রাস্তাটি মেরামত করার জন্য অনুরোধ করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো পরিদর্শন পূর্বক মেরামতের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান পাথরাইল ইউপি।
৫	চেয়ারম্যান আটিয়া ইউনিয়ন পরিষদ	(ক) চেয়ারম্যান, আটিয়া ইউপি সভায় জানান যে, এ উপজেলায় সেবার মান বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেক ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে কমপক্ষে ০১ (এক) জন করে মেডিকেল অফিসার দ্বারা সেবা প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন।	বিস্তারিত আলোচনান্তে এ উপজেলায় সেবার মান বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেক ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে কমপক্ষে ০১ (এক) জন করে মেডিকেল অফিসারদ্বারা জনসাধারণের সেবা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান আটিয়া ইউপি
৬	সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার।	সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ দেলদুয়ার তাঁর সমাপনী বক্তব্যে বলেন আমরা সকলেই স্ব-স্ব দায়িত্ব যথাযথভাবে পালন করবো। সংশ্লিষ্ট সকলের আন্তরিকতা, দক্ষতা ও নিবিড় তদারকির মাধ্যমে উন্নয়ন কাজের গুণগতমান নিশ্চিত করার আহ্বান জানান।এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।	সভায় বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।হয়।	সংশ্লিষ্ট বিভাগ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

(দে: তাহমিনা হক)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি
দেলদুয়ার, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩২৩.০০০.০৬.০০৩-১৭-

তারিখ : ২৬/০৭/২০২১ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।

২। উপজেলা নির্বাহী অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।

৩। উপজেলা প্রকৌশলী, দেলদুয়ার, টাঙ্গাইল।

৪।.. অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।

26.07.2022

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
দেলদুয়ার, টাঙ্গাইল।

CamScanner